134087 - আগে কাযা রোযাগুলো পালন করবে তারপর মৃতের পক্ষ থেকে রোযা রাখবে

প্রশ্ন

এই মেইল পাঠানোর দুই সপ্তাহ আগে আমার স্ত্রী মারা গেছেন (আল্লাহ্ তার প্রতি রহম করুন)। মাসিকের কারণে তার সাতদিনের রোযা ভাংতি পড়েছে। রোযাগুলোর কাযা পালনের আগেই সে মারা গেছে। আমি কি তার পক্ষ থেকে রোযাগুলোর কাযা পালন করব? উল্লেখ্য, আমি আমার যিম্মাতে আবশ্যক হওয়া এক মাসের রোযার কাযা পালন করিনি? নাকি আগে আমার রোযাগুলো রাখব; তারপর তার রোযাগুলো রাখব?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি বাস্তবতা এমনই হয় যেমনটি প্রশ্নে উল্লেখ করা হয়েছে তাহলে আপনার উপর আবশ্যক হলো প্রথম আপনার রোযাগুলো রাখা; তারপর আপনার স্ত্রীর যে কয়কে দিনের রোযা কাযা আছে সেগুলো রাখা আপনার জন্য শরিয়তসম্মত হবে। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: ‘যে ব্যক্তি কিছু রোযা রেখে মারা গেছে; তার ওলি (নিকটাত্মীয়) তার পক্ষ থেকে রোযা রাখবে।’[হাদিসটির শুদ্ধতার ব্যাপারে সকলে একমত] ওলি দ্বারা উদ্দেশ্য আত্মীয়। আপনি তার আত্মীয়।

আল্লাহ্ই তাওফিকদাতা, আমাদের নবী মুহাম্মদের প্রতি, তাঁর পরিবার-পরিজন ও সাহাবীবর্গের প্রতি আল্লাহ্র রহমত ও শান্তি বর্ষিত হোক।

গবেষণা ও ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটি

শাইখ আব্দুল আযিয বিন বায, শাইখ আব্দুল আযিয আলুশ শাইখ, শাইখ বকর আবু যাইদ।

[ফাতাওয়াল লাজনাদ দায়িমা, আল-মাজমুআ আছ-ছানিয়া (৯/২৬১)]